# AKASHVANI(AIR)

## RNU: KOLKATA

## Bengali Text Bulletin

**16-05-2026** **Time: 7.50 PM**

বিশেষ বিশেষ খবরঃ-

১) মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী বলেছেন, রাজ্যে এতোদিন শাসকের আইন চালু ছিল, কিন্তু এখন থেকে আইনের শাসন প্রতিষ্ঠিত হবে।

রাজ্যে বিকশিত ভারত জি রাম জি আইন খুব শীঘ্রই চালু হবে বলেও মুখ্যমন্ত্রী জানিয়েছেন।

২) রাজ্যের পূর্বতন তৃণমূল কংগ্রেস সরকারের দায়ের করা ওবিসি সংরক্ষণ সংক্রান্ত মামলা প্রত্যাহার করতে চেয়ে নব নিযুক্ত বিজেপি সরকার সুপ্রিম কোর্টের দ্বারস্থ হয়েছে।

৩) রাজ্যে স্নাতক স্তরে ভর্তির জন্য কেন্দ্রীয়ভাবে অনলাইন পোর্টালে সোমবার থেকে আবেদন জানানো যাবে।

৪) আর জি কর মামলার তদন্ত এবার কলকাতা হাইকোর্টের বিচারপতি শম্পা সরকার এবং বিচারপতি তীর্থঙ্কর ঘোষের বেঞ্চে হবে।

৫) আজ ফলহারিনী কালীপুজো। রাজ্যে বিভিন্ন কালী মন্দিরগুলিতে ভক্তদের সমাগম ।

৬) আই পি এল ক্রিকেটে ইডেনে গুজরাট টাইটান্সের বিরুদ্ধে, কলকাতা নাইট রাইডার্স প্রথমে ব্যাট করছে।

ooooooooooooooooooo

মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী বলেছেন, রাজ্যে এতোদিন শাসকের আইন ছিল, কিন্তু এখন থেকে আইনের শাসন প্রতিষ্ঠিত হবে। আজ ডায়মন্ড হারবারে প্রশাসনিক বৈঠকে একথা জানিয়ে শ্রী অধিকারি, কেন্দ্র ও রাজ্য সরকারের কোন সামাজিক প্রকল্পে কাটমানি নেওয়া কিংবা পুলিশ আধিকারিক বা রাজনৈতিক নেতাদের বিরুদ্ধে অভিযোগ থাকলে নির্ভয়ে এগিয়ে এসে তা বলার জন্য আহ্বান জানান। তোলাবাজির অভিযোগ পেলেও কড়া ব্যবস্থা নেওয়া হবে বলে মুখ্যমন্ত্রী সতর্ক করেছেন।

(বাইট – মুখ্যমন্ত্রী)

তিনি বলেন, পূর্বতন সরকারের আমলে যারা নানাভাবে অত্যাচারিত হয়েছেন, অথচ ভয়ে অভিযোগ জানাতে পারেননি, তারা নুতন করে থানায় অভিযোগ দায়ের করতে পারবেন। এই প্রসঙ্গে তিনি বলেন, অভিযোগ সত্য হলে পুলিশ কড়া পদক্ষেপ করবে। তবে, তা মিথ্যে প্রমাণিত হলে, অভিযোগকারীর বিরুদ্ধে আইন অনুযায়ী ব্যবস্থা নেওয়া হবে।

তৃণমূল কংগ্রেস সরকারের আমলে তৈরি পুলিশ ওয়েলফেয়ার বোর্ড ভেঙে দেওয়ার কথা জানিয়ে মুখ্যমন্ত্রী বলেন, আগামী দিনে মুখ্য সচিব, স্বরাষ্ট্র সচিব এবং অবসরপ্রাপ্ত পুলিশ আধিকারিকদের সুপারিশ ও পরামর্শে নতুন বোর্ড গঠন করা হবে।

(বাইট – মুখ্যমন্ত্রী)

আগামী সোমবার এবিষয়ে সরকারীভাবে বিজ্ঞপ্তি জারি করবে রাজ্য সরকার। পুলিশ ও তাদের পরিবারের স্বাস্থ্য পরিষেবা, অবসরকালীন সুবিধা দেওয়ার উদ্দেশ্যে এই বোর্ড গঠন করা হলেও ক্রমেই তা পূর্ববর্তী শাসক দলের শাখা সংগঠনের পরিণত হয় বলে মুখ্যমন্ত্রী অভিযোগ করেন।

এরপর শুভেন্দু অধিকারী ফলতায় আগামী ২১ তারিখ পুনর্নির্বাচন উপলক্ষ্যে বিজেপি প্রার্থী দেবাংশু পাণ্ডার সমর্থনে কর্মীসভায় যোগ দেন।

oooooooooooooooooooo

রাজ্যে বিকশিত ভারত জি রাম জি আইন খুব শীঘ্রই চালু হবে বলে মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী জানিয়েছেন। মনরেগা প্রকল্পে ১০০ দিনের বদলে এই প্রকল্পের

আওতায় ১২৫ দিনের কাজ সুনিশ্চিত করা হবে। বিধানসভায় গতকাল অধ্যক্ষের ঘরে তিনি বলেন, আদালতের নির্দেশে দুটি জেলায় এখনই এই প্রকল্প শুরু না করা গেলেও বাকি জেলাগুলিতে আগামী মাস থেকেই তা কার্যকর করার প্রয়াস চলেছে।

ooooooooooooooooooo

রাজ্যের দক্ষিণবঙ্গের পাঁচ জেলায় বিভিন্ন সরকারি উন্নয়নমূলক প্রকল্পের কাজের অগ্রগতি নিয়ে মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী বৈঠকে বসতে চলেছেন। আগামী একুশ তারিখ পুরুলিয়া,বাঁকুড়া, বীরভূম এবং দুই বর্ধমান জেলার সঙ্গে আয়োজিত এই বৈঠকে উপস্থিত থাকার জন্য সংশ্লিষ্ট জেলাশাসক এবং জেলা পুলিশ সুপারদের নির্দেশ দেওয়া হয়েছে।

একাধিক প্রকল্পের কাজের অগ্রগতি নিয়ে রিপোর্ট পেশ ছাড়াও বিভিন্ন কেন্দ্রীয় প্রকল্পের সুবিধা সাধারণ মানুষের কাছে পৌঁছে দেওয়ার বিষয়ে সেখানে আলোচনা হতে পারে।

ooooooooooooooooooo

জেলার উন্নয়ন নিয়ে কোন সমঝোতা করা যাবে না বলে, বাঁকুড়ায় প্রশাসনিক বৈঠকে স্পষ্ট বার্তা দিয়েছেন জেলার ১২টি বিধানসভার বিজেপি বিধায়কদের। গত ১৫ বছরের ইতিহাস ভুলে উন্নয়নের স্বার্থে একযোগে জনপ্রতিনিধিদের কাজ করার বার্তাও দেওয়া হয়েছে।

উল্লেখ্য আজ জেলার ১২ জন নবনির্বাচিত বিধায়কদের নিয়ে বাঁকুড়া সার্কিট হাউসে বৈঠকে করেন জেলা শাসক ও পুলিশ সুপার। এই বৈঠক থেকেই জেলার উন্নয়নের প্রাথমিক রুট ম্যাপ নিয়ে দীর্ঘ আলোচনা হয়েছে। একাধিক দপ্তরে কাজ-কর্ম ও উন্নয়নের গতি আনার ক্ষেত্রেও জোর দেওয়া হবে বলে জানা যায়।

oooooooooooooooooooooo

তৃণমূল কংগ্রেস সরকারের আমলে অনুপ্রবেশকারীদের চিহ্নিত করে সমস্ত রেশন কার্ড অবিলম্বে বাতিলের নির্দেশ রাজ্য সরকার দিয়েছে বলে খাদ্যমন্ত্রী অশোক কীর্তনীয়া জানিয়েছেন। উত্তর ২৪ পরগনার বনগাঁয় আজ সাংবাদিকদের প্রশ্নের উত্তরে অশোকবাবু বলেন, উদ্বাস্তু মতুয়াদের কোন সুযোগ-সুবিধা থেকে বঞ্চিত করা হবে না। তবে তার জন্য মতুয়াদের অবিলম্বে CAA-তে আবেদন করার পরামর্শ দিয়েছেন তিনি।

(বাইট – অশোক কীর্তনীয়া)

০০০০০০০০০০০০০০০০০০০

বিভিন্ন সরকারি হাসপাতাল ও মেডিকেল কলেজগুলিতে স্বাস্থ্য পরিষেবার মান উন্নয়নে মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারীর পৌরোহিত্যে গতকালের বৈঠকে গৃহীত সিদ্ধান্তগুলি নিয়ে স্বাস্থ্য দপ্তর আজ পর্যালোচনা বৈঠক করেছে। স্বাস্থ্য সচিব নারায়ন স্বরূপ নিগম, স্বাস্থ্য শিক্ষা অধিকর্তা, বিভিন্ন সরকারি হাসপাতালের অধ্যক্ষ, জেলার মুখ্য স্বাস্থ্য আধিকারিক, মেডিকেল কলেজের সুপাররা এই বৈঠকে উপস্থিত ছিলেন। রাজ্য সরকারের তরফে বেঁধে দেওয়া ভাড়ায় অ্যাম্বুলেন্স পরিষেবা, হাসপাতালে শয্যাবৃদ্ধি, চিকিৎসক ও স্বাস্থ্য কর্মীদের সুরক্ষায় বিভিন্ন পদক্ষেপ নিয়ে বিস্তারিত আলোচনা হয়েছে।

০০০০০০০০০০০০০০০০০০০

সুপ্রিম কোর্টে রাজ্যের পূর্বতন তৃণমূল কংগ্রেস সরকারের দায়ের করা ওবিসি সংরক্ষণ সংক্রান্ত মামলা প্রত্যাহার করতে চেয়ে নব নিযুক্ত বিজেপি সরকার শীর্ষ আদালতের দ্বারস্থ হয়েছে। রাজ্য সরকারের আইনজীবী কুনাল মিমানি, সুপ্রিমকোর্টের রেজিস্ট্রারকে গত বৃহস্পতিবার চিঠি পাঠিয়ে দু বছর আগে দায়ের করা ঐ মামলা প্রত্যাহারের জন্য, দ্রুত তালিকাভুক্ত করে জরুরি শুনানির আবেদন জানিয়েছেন।

উল্লেখ্য, ২০২৪-এর ২২ মে কলকাতা হাইকোর্ট, ২০১০ সালের পর পশ্চিমবঙ্গের তৈরি সব ওবিসি সংশাপত্র বাতিল করে দেয়। নতুন করে তালিকা তৈরিরও নির্দেশ দেওয়া হয়। সেই নির্দেশকে চ্যালেঞ্জ জানিয়ে সুপ্রিমকোর্টে যায় তৎকালীন রাজ্য সরকার। বর্তমানে মামলাটি প্রধান বিচারপতি সূর্যকান্তের বেঞ্চে বিচারাধীন।

অন্যদিকে, ২০১১ সালের পর থেকে যেসব ভুয়ো এস সি, এস টি সার্টিফিকেট ইস্যু হয়েছে সি আই ডি-কে দিয়ে তার তদন্ত করানোর আবেদন জানিয়েছেন অনগ্রসর শ্রেনী কল্যাণ ও সংখ্যালঘু

বিষয়ক দপ্তরের মন্ত্রী ক্ষুদিরাম টুডু। তিনি বলেন, এইসব ভুয়ো সংশাপত্র ব্যবহার করে যারা চাকরি পেয়েছেন বা যেসব পড়ুয়া কলেজে ভর্তি হয়েছেন তাদের বিরুদ্ধে কড়া পদক্ষেপ নেওয়া হবে।

(বাইট-ক্ষুদিরাম টুডু)

০০০০০০০০০০০০০০০০০০০০০০০

রাজ্যে স্নাতক স্তরে ভর্তির জন্য কেন্দ্রীয়ভাবে অনলাইন পোর্টালে সোমবার থেকে আবেদন জানানো যাবে। একজন পড়ুয়া সর্বাধিক ২৫-টি বিষয় ও কোর্সে আবেদন করতে পারবেন। ১ জুন পর্যন্ত রেজিস্ট্রেশন এবং আবেদন গ্রহণের প্রক্রিয়া চলবে।

'বাংলার উচ্চশিক্ষা' ওয়েবসাইটে 'সেন্ট্রালাইজড অ্যাডমিশন' অপশনে ক্লিক করে পছন্দের কলেজ অথবা বিষয়ে আবেদন জানাতে পারবেন ছাত্রছাত্রীরা। আবেদনের জন্য কোনো ফি দিতে হবে না। ৯-ই জুন কলেজ এবং বিষয় ভিত্তিক মেধাতালিকা প্রকাশ করা হবে। ৬ জুলাই শুরু হতে পারে ক্লাস। তারপর দ্বিতীয় পর্যায়ে ফাঁকা আসনের তালিকা প্রকাশ করে ভর্তি প্রক্রিয়া শুরু হবে।

০০০০০০০০০০০০০০০০০০০০

আর জি কর মামলার তদন্ত এবার কলকাতা হাইকোর্টের বিচারপতি শম্পা সরকার এবং বিচারপতি তীর্থঙ্কর ঘোষের বেঞ্চে হবে। গত ১২-ই মে বিচারপতি রাজশেখর মান্থা এবং বিচারপতি রাই চট্টোপাধ্যায়ের ডিভিশন বেঞ্চ এই মামলা থেকে অব্যাহতি নেয়। আজ হাইকোর্টের রেজিস্ট্রার জেনারেলের প্রকাশিত তালিকা থেকে নতুন বেঞ্চের কথা জানা গেছে।

মূল অভিযুক্ত সঞ্জয় রায়ের ফাঁসির দাবিতে সিবিআই-এর করা মামলার পাশাপাশি সঞ্জয়-এর নিজেকে নিরাপরাধ বলে দাবি করে একটি আবেদনও নতুন বেঞ্চ শুনবে।

এদিকে, অভয়ার পরিবারও মামলাটির আরও বিস্তারিত তদন্তের দাবি জানিয়েছেন। সেটিরও শুনানি হবে এই বেঞ্চে।

০০০০০০০০০০০০০০০০০০০০

জরুরী ভিত্তিতে বিপজ্জনক বলে চিহ্নিত ভবন ভেঙে ফেলার দমকল বিভাগের একটি নির্দেশে স্থগিতাদেশ দিয়েছে কলকাতা হাইকোর্ট। ডায়মন্ডহারবার রোডের ৬ তলা ওই আবাসনটিতে অগ্নি নির্বাপন ব্যবস্থা ছাড়পত্র না থাকায় ২৪ ঘণ্টার মধ্যে ফ্ল্যাট ভাঙার নির্দেশ দেওয়া হয়। দমকল বিভাগের সেই নোটিশকে চ্যালেঞ্জ করে আবাসিকরা কলকাতা হাইকোর্টের দ্বারস্থ হয়েছিলেন। বিচারপতি সৌগত ভট্টাচার্য, ৩০-শে জুন পর্যন্ত ভবনটি ভাঙার ওপর অন্তর্বর্তী স্থগিতাদেশ দিয়েছেন। রাজ্যের বক্তব্য শোনার পরই আদালত রায় দেবে বলে তিনি জানান। ৮-ই জুন মামলার পরবর্তী শুনানি।

oooooooooooooooooooooo

কলকাতা মেট্রোর ব্লু লাইনে শহীদ ক্ষুদিরাম স্টেশন থেকে রেক ঘোরানোর ব্যবস্থা চালু করার কাজের জন্য আগামীকাল বেশকিছুটা অংশে ট্রাফিক ব্লক থাকছে। এই সময় শহীদ ক্ষুদিরাম থেকে মহানায়ক উত্তমকুমার স্টেশনের মধ্যে কোন ট্রেন চলাচল করবে না। তবে, দক্ষিণেশ্বর থেকে টালিগঞ্জ বা মহানায়ক উত্তমকুমার স্টেশন পর্যন্ত মেট্রো পরিষেবা স্বাভাবিক থাকবে।

ooooooooooooooooooo

আজ ফলহারিনী কালীপুজো। ১৮৭২ খ্রিস্টাব্দে জৈষ্ঠ্য মাসের এই পুণ্য তিথিতে ঠাকুর শ্রী রামকৃষ্ণ দেব, দক্ষিণেশ্বরে মা সারদাকে ষোড়শী রূপে পুজো করেছিলেন। ফলহারিণী কালীপুজো উপলক্ষে তারাপীঠ, দক্ষিণেশ্বর ভবতারিণী মায়ের মন্দির, শতাব্দী প্রাচীন হংসেশ্বরী মন্দির, কামারপুকুর, জয়রামবাটি সহ বিভিন্ন মন্দিরে বিশেষ পুজোর আয়োজন করা হয়েছে। পুজো হচ্ছে বেলুড় মঠেও।

ফলহারিণী কালীপুজো উপলক্ষে রাজ্যবাসীকে শুভেচ্ছা জানিয়েছেন মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী। সামাজিক মাধ্যমে এক পোস্টে মুখ্যমন্ত্রী বলেন, মা কালীর আশীর্বাদে সকলের জীবন সুখ, শান্তি, সমৃদ্ধি ও মঙ্গলময় হয়ে উঠুক।

oooooooooooooooooo

দক্ষিণ-পশ্চিম বঙ্গোপোসাগরে সুস্পষ্ট নিম্নচাপ ক্ষেত্র তৈরি হওয়ায় সক্রিয় দক্ষিণ-পশ্চিম মৌসুমী বায়ু এর সঙ্গে দুটি ঘূর্ণাবর্তের প্রভাবে উত্তরবঙ্গে আগামী কয়েকদিন ভারী থেকে অতি ভারী বৃষ্টির পূর্বাভাষ। ঘণ্টায় ৪০ থেকে ৫০ কিলোমিটার বেগে ঝোড়ো হাওয়াও বয়ে যেতে পারে। দক্ষিণবঙ্গে বিক্ষিপ্তভাবে কয়েকটি জেলায় ঝড়বৃষ্টি চলতে পারে।

oooooooooooooooooo

ইডেনে আজ আই পি এল-এর ম্যাচে কলকাতা নাইট রাইডার্স, গুজরাট টাইটান্সের মুখোমুখি হয়েছে। শেষ খবর পাওয়া পর্যন্ত কলকাতা নাইট রাইডার্স পাঁচ ওভার ২ বলে ৪৯ রান করেছে।

oooooooooooooooooo

oooooooooooooooooooooo